# উপজেলা পরিষদ কার্যালয়

ধনবাড়ী, টাঙ্গাইল।

## উপজেলা পরিষদের জানুয়ারি-২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ হারুনার রশিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময়ঃ ১৩ জানুয়ারি ২০২২, সকাল ১১:০০ ঘটিকা

সভার হাজিরা ঃ হাজিরা বহিতে সংরক্ষিত আছে।

উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইলকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। আলোচ্যসূচি মোতাবেক সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানানো হয়।

০১। **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় সকল আলোচনা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। **বিভিন্ন বিভাগ/ দপ্তরের কার্যক্রম**।

(ক) **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ প্রয়োজনীয় লোকবল না থাকায় সেবা দান ও দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা কষ্টকর হয়ে পড়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং প্রয়োজনীয় জনবলের প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(খ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল তার আলোচনায় উল্লেখ করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। তিনি আরো বলেন, সব ধরনের সারের মজুদ সন্তোষজনক। কোন ইউনিয়নে সারের অপ্রতুলতা দেখা দিলে এ বিষয়ে উপজেলা কৃষি অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা কৃষি অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(গ) উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।
**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় ।
**বাস্তবায়নেঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।
**(ঘ) উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি আরো বলেন, শীত মৌসুমে গবাদি প্রাণির ৪ টি জুনেটিক রোগ প্রতিরোধে বিশেষ করে তড়কা রোগসহ অন্যান্য গরু মহিষের যক্ষা, ফ্রসেলোসিস ও জলাতঙ্ক সংক্রামক রোগ প্রতিরোধ কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে জনাব রোকেয়া বেগম, মোবাইল: ০১৭৪৭৭৩৯৯৩৮ কে জানানোর জন্য অনুরোধ করা হলো। গবাদি প্রাণির টিকা প্রদানসহ অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম যথারীতি চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় ।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি.আর) কর্মসূচীর সাধারণ ও বিশেষ ২য় পর্যায়ের এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীরর কাজ চলমান আছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ে কাজ শেষ হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(চ) উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, উপজেলা সমবায় বিভাগের সকল কাজ সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতা এবং মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে এবং ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় সন্তোষজনক বলে তিনি সকলকে অবহিত করেন। তিনি আরো বলেন যে, বরাদ্দের বিপরীতে নতুন ভাতা ভোগীদের তালিকা অতি দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করেন।

| ক্রমিক | কর্মসূচীর নাম | উপকার ভোগীর সংখ্যা | বিতরণকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বয়স্ক ভাতা | ৫৬৭২ জন | ৮৫০৮০০০/- | --- |
| ০২ | বিধবা ভাতা | ২৩২৫ জন | ৩৪৮৭৫০০/- | ---- |
| ০৩ | প্রতিবন্ধী ভাতা | ২১৬২ জন | ৪৮৬৪৫০০/- | ----- |
| ০৪ | আরএসএস ক্ষুদ্রঋণ | ৫০ জন | ১৩,০০,০০০/- | ---- |
| ০৫ | আরএসএস ক্ষুদ্রঋণ পূন: বিনিয়োগ | ১৪ জন | ২২০০০০/- | ---- |

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং নতুন ভাতাভোগীদের তালিকা অতি দ্রুত তৈরি করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ছ) উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বলেন তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। প্রাথমিক শিক্ষায় ১০০% শিশুকে উপস্থিত করানোর জন্য নিয়মিত পর্যবেক্ষন করার অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং কাজের অগ্রগতির প্রতিবেদন মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(জ) উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, ভিজিডি, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান এবং অন্যান্য ভাতা কার্যক্রম অব্যহত আছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।
**(ঝ)উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। যুব ঋণ আদায় সন্তোষজনক।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধনবাড়ি, টাঙ্গাইল।
**(ঞ) উপজেলা প্রকৌশল বিভাগ (এল.জি.ই.ডি)ঃ** উপজেলা প্রকৌশলী, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে,তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর কাজ সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই হচ্ছে। তিনি আরো জানান যে, ধনবাড়ী উপজেলার স্থাবর সম্পত্তির হস্তান্তর কর ১% তহবিলে অবস্থা খুব একটা ভাল না। বিধায়, ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের ২০২০-২০২১ অর্থ বছরের ইউপি অংশের বেতন ভাতার ২৫% হারে, সিপিএফ ১০% হারে, ৫০% হারে বৈশাখী ও উৎসব ভাতা (শ্রান্তি বিনোদন ও লাম্পগ্রান্ট ১০০% এবং ৫০% আনুতোষিক ভাতা) হাট-বাজার এর আয়-ব্যয় সংক্রান্ত হিসাব হতে প্রদানের জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী জানান যে, চাহিদা ভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়), চাহিদা ভিত্তিক নতুন জাতীয় করণ সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ধনবাড়ী উপজেলার ৪৮টি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেনীকক্ষ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসুচী-৪ (পিইডিপি-৪) এর আওতায় ১৩টি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন কাজও সমাপ্ত হয়েছে।

উপজেলা প্রকৌশলী জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। জরুরী ভিত্তিতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। বাস্তবতার নিরিখে ও জনগণের চাহিদার ভিত্তিতে এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভার সুপারিশকৃত ১ম ও ২য় কিস্তির টাকার প্রকল্প তালিকা নিম্নরুপ।

**২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর ১ম ও ২য় কিস্তির প্রকল্পসমূহ:**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকার পরিমান | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বিলকুকরী গোরস্থান রাস্তায় প্যালাসাইডিং করণ। | ২৫০০০০.০০ | টেন্ডার | |
| ২ | পাইস্কা বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে সারফেস ড্রেন নির্মাণ। | ৩০০০০০.০০ | টেন্ডার | |
| ৩ | চারাভাঙ্গা ব্রীজ সংলগ্ন মসজিদ সংযোগ রাস্তায় আলমের পুকুরের দক্ষিন পার্শ্বে প্যালাসাইডিং। | ৪০০০০০.০০ | কোটেশন | |
| ৪ | দক্ষিন নরিল্যা তুলা মাষ্টারের বাড়ীর রাস্তায় প্যালাসাইডিংকরণ। | ২০০০০০.০০ | টেন্ডার | |
| ৫ | মটবাড়ী ভাংগাঘাট হইতে পশ্চিম পাড়া নাসিরের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪০০০০০.০০ | টেন্ডার | |
| ৬ | ভাইঘাট দেবীপুর রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। | ৩৫০০০০.০০ | টেন্ডার | |
| ৭ | শাহসুফি হাজী দেওয়ান জামে মসজিদ সংলগ্ন মক্তব উন্নয়ন। | ২০০০০০.০০ | টেন্ডার | |
| ৮ | ধোকেরকুল মতি মন্ডলের বাড়ী হতে তৌফিক ইমামের বাড়ী যাওয়ার রাস্তায় প্যালাসাইডিং করণ। | ২৫০০০০.০০ | টেন্ডার | |
| ৯ | বড় গংগাবর সরকারবাড়ী জামে মসজিদ সংলগ্ন মক্তব উন্নয়ন। | ২০০০০০.০০ | কোটেশন | |
| ১০ | ভাইঘাট দেবীপুর রাস্তার দেবীপুর মসজিদের দক্ষিন পার্শ্ব পাকা রাস্তা হতে সেলিম সাহেবের বাড়ী পর্যন্ত সংযোগ রাস্তা উন্নয়ন। | ২৫০০০০.০০ | টেন্ডার | |
| ১১ | বীরতারা ইউনিয়নের বাঁশনিয়োগী নদীর ঘাট রাস্তায় বীর মুক্তিযোদ্ধা আব্দুলের বাড়ীর পাশে প্যালাসাইডিং | ১০০০০০.০০ | টেন্ডার | |
| ১২ | চারিশিমুল দারুল উলুম হবদেশ মাদ্রাসার উন্নয়ন। | ২৫০০০০.০০ | টেন্ডার | |
| ১৩ | ধোপাখালী পুরাতন বাজার সংলগ্ন বংশাই নদীর উপর নির্মিত ফুট ব্রীজের এ্যাপ্রোচ মেরামত। | ৪০০০০০.০০ | টেন্ডার | |
| ১৪ | চারিশিমুল তাজ উদ্দিন নূরানী মাদ্রাসার উন্নয়ন। | ১০০০০০.০০ | টেন্ডার | |
| ১৫ | ধোপাখালী ঈদর্গা ও মক্তবের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ, জমশেরপুর দক্ষিনপাড়া জামে মসজিদ ও মক্তবের অজুখানা নির্মাণ ও কবিরাজবাড়ী উত্তরপাড়া জামে মসজিদ ও মক্তবের অজুখানা নির্মান কাজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ২০০০০০.০০ | কোটেশন | |
| ১৬ | নরিল্যা থোরা সড়কের বিভিন্ন স্থানে, ধনবাড়ী-হাদিরা সড়কের বিভিন্ন স্থানে, সয়া-কেরামজানী বাঁধের স্লুইস গেটের উভয় পার্শ্ব ও ইস্পিঞ্জারপুর এর বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ সড়ক বালি ও খোয়া দ্বারা মেরামতকরণ। | ৫৫০০০০.০০ | কোটেশন | |

উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর ৩য় ও ০৪র্থ কিস্তির সম্ভাব্য অর্থের প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-

১। বার্ষিক উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর ১ম ও ২য় কিস্তির ১৬টি প্রকল্প সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

২। পরবর্তী মাসের মাসিক সভার পূর্বে উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে প্রকল্প দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

৩। ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের ২০২০-২০২১ অর্থ বছরের ইউপি অংশের বেতন ভাতার ২৫% হারে, সিপিএফ ১০% হারে, ৫০% হারে বৈশাখী ও উৎসব ভাতা (শ্রান্তি বিনোদন ও লাম্পগ্রান্ট ১০০% এবং ৫০% আনুতোষিক ভাতা) হাট-বাজার এর আয়-ব্যয় সংক্রান্ত হিসাব হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী।

২। উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী।

৩। উপজেলা প্রকৌশলী, ধনবাড়ী।

৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ট)উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি আরো জানান যে, বরাদ্দকৃত নলকূপগুলো সঠিক সময়ের মধ্যে স্থাপন করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা সহ-প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি আরো বলেন, অত্র উপজেলায় বর্তমানে আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি এবং অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং ঋণ আদায় কার্যক্রম আরো জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ড)উপজেলা সমবায় বিভাগঃ** অত্র অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ৩৪ টি সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। যাহার সদস্য সংখ্যা ৮৭৮ জন। শেয়ার মূলধন ১৬৪১৫০/-টাকা। সঞ্চয় আমানত ১৭৩৭৫৩৭/- টাকা , কার্যকরি মূলধন ১৯,০১৬৮৭/- টাকা। উপজেলা সমবায় অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা সমবায় কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঢ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান যে, অত্র উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ পরিদর্শন শেষে প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে শিক্ষার মান উন্নয়নে বিস্তারিত আলোচনা ও পরামর্শ দেওয়া হয়েছে। তিনি বলেন, ইভটিজিং, জঙ্গিবাদ দূর্নীতি প্রতিরোধ, বাল্যবিবাহ ও মাদককে না বলুন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কালে সকল প্রতিষ্ঠান প্রধানকে জোর তাগিদ দেয়া হয়েছে সমাবেশের সময় শিক্ষার্থীদের এ বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ধনবাড়ী খাদ্য গুদামে মজুদ ও সংগ্রহের হার সন্তোষজনক। বর্তমানে ধান/চালের বাজারদর স্থিতিশীল। চাল মজুদের পরিমাণ বোরো ২৪৩১.৮৭৩ মে.টন, আমন চাল মজুদ ১৩৬৭.৪৯০ মে.টন। ধান মজুদ ৩৯.০০০ মে.টন, গম মজুদ ৮৫.৮০৬ মে.টন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ত)উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, পরিসংখ্যান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে ।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(থ)পল্লী বিদ্যুৎ সমিতিঃ** এ.জি.এম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ধনবাড়ী জোনাল অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, ধনবাড়ী বিদ্যুৎ এর পরিস্থিতি সন্তোষজনক। তিনি আরো বালেন, ধনবাড়ী উপজেলার ধনবাড়ী উপজেলার বিভিন্ন দপ্তরে এই অর্থ বছরের কিছু মাসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং যে যে দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে সে সকল দপ্তরের প্রধান কে লিখিতভাবে বিদ্যুৎ বিল পরিশোধের পত্র প্রদানের জন্য এ.জি.এম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ধনবাড়ী জোনাল অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল কে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ** এ.জি.এম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ধনবাড়ী জোনাল অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল।

৩। **উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও সিদ্ধান্ত গ্রহণঃ** উপজেলা প্রকৌশলীজানানযে, উপজেলাপরিচালনওউন্নয়নপ্রকল্প (ইউজিডিপি) এর৫মপর্যায়েরজন্য৩০-০৬-২০২১তারিখের৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০-৩৩৯৪নম্বরস্মারকমূলে২০২০-২১অর্থবছরে (ভ্যাটট্যাক্সবাদে) সক্ষমতাউন্নয়নউপ-প্রকল্প (সিডি) বাবদ১০,০০,০০০/-টাকাএবংঅবকাঠামোউন্নয়নউপ-প্রকল্প (আইএনএফ) বাবদ৪০,০০,০০০/-টাকাপ্রকল্পপ্রস্তাবনাপ্রেরণেরনির্দেশনারয়েছে।সেমোতাবেকবিভিন্নউৎসহতেপ্রাপ্তএবংবাছাইকমিটি

রসুপারিশকৃতসম্ভাব্যনিম্নোক্তপ্রকল্পতালিকাবাস্তবায়নেরনিমিত্তসভায়অনুমোদনেরজন্যউপস্থাপন করেন।

## অবকাঠামোউন্নয়নউপ-প্রকল্প (আইএনএফ)

| ক্র. নং | উপ-প্রকল্পেরনাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | যদুনাথপুরউচ্চবিদ্যালয়েরপাকাভবননির্মাণউপ-প্রকল্প | |
| ০২ | ধনবাড়ীউপজেলারবিভিন্নইউনিয়নেরসড়কওবাজারেসোলারস্ট্রীটলাইটস্থাপনউপ-প্রকল্প | |

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ- উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপরোক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহ অনুমোদিত হয় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। □□□□□□□□□□□□□□□-□□□□□□□ (□□□□) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী।
২। উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী।
৩। উপজেলা প্রকৌশলী, ধনবাড়ী।
৪। উপজেলা উন্নয়ন ফ্যাসালিটেটর, ধনবাড়ী, টাঙ্গাইল।

**৪। ১৭ টি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংক্রান্ত আলোচনাঃ**

উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বলেন, উপজেলার ১৭ টি কমিটির প্রত্যেকটি কমিটি প্রতি ০২ মাসে অন্তত ০১ টি করে সভা করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, প্রতিটি কমিটির সদস্য সচিব সহ সকল সদস্যগণকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ** বিভিন্ন কমিটির সদস্য সচিবগণ প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভা অনুষ্ঠিত করে সভার কার্যবিবরনী চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**১। ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
২। সদস্য সচিব(সকল) ধনবাড়ি উপজেলার ১৭টি কমিটি, ধনবাড়ী, টাঙ্গাইল।

**৫। গুরুত্বপূর্ণ আইন-কানুন, আদেশ নির্দেশ সদ্য জারীকৃত পরিপত্র সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান,গুরুত্বপূর্ণ কোন আইন-কানুন, আদেশ নির্দেশ জারী হয় নাই।

৬। **বিবিধঃ** চেয়ারম্যান, ৪ নং পাইস্কা ইউনিয়ন পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল বলেন যে, পাইস্কা ইউনিয়ন পরিষদ প্রশাসনিক ভবনের অবস্থা ভাল নয় এবং ব্যবহার অনুপযোগী হয়ে পরেছে। এ বিষয়ে নতুন ভবন নির্মাণ বা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্তঃ** আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, ধনবাড়ী, টাঙ্গাইলকে সরেজমিন তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
**বাস্তবায়নেঃ** (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
(২) উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
(৩) উপজেলা প্রকৌশলী, ধনবাড়ী, টাঙ্গাইল।

অতঃপর সভায় কোন আলোচনা না থাকায় বিভাগীয় প্রধানকে কার্যপত্রসহ নিয়মিত সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ হারুনার রশিদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা মাসিক সভা
ধনবাড়ী, টাঙ্গাইল।

স্মারক নং - ০৫.০০.৯৩২৫.০০০.১৭.০২৫.১৪- ৩২/১ (৪০) তারিখ ঃ ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

**অনুলিপি প্রেরণ সদয় অবগতির জন্য ঃ**

০১। ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি, টাঙ্গাইল-১. ও মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।

**সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
০২। মেয়র, ধনবাড়ী পৌরসভা।
০৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
০৪। চেয়ারম্যান ........................ ইউনিয়ন পরিষদ, (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।
০৫। উপজেলা...........................................................................অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
০৬। জনাব..........................................................

(মোঃ আসলাম হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
ধনবাড়ী, টাঙ্গাইল।